

পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড

চট্টগ্রাম

উত্তম চর্চার তালিকা

১। ভূমিকা:

পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড সরকার নির্ধারিত মূল্যে মানসম্মত পেট্রোলিয়াম পণ্য দেশের সর্বত্র নিরবিচ্ছিন্নভাবে সরবরাহ নিশ্চিতকরণের লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। পাশাপাশি এ কোম্পানি এভিয়েশন ফ্যুয়েল (জেট এ- ১) এবং দেশের কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সারা দেশে পরিবেশবান্ধব ও মানসম্মত কৃষি রাসায়নিকের পন্য বিপণন করে আসছে।

২। উত্তম চর্চার তালিকা নিম্নরূপ:

- ক) কোভিড-১৯ মহামারী প্রতিরোধকল্পে কোম্পানির প্রধান কার্যালয়, প্রধান স্থাপনাসহ দেশের সকল ডিপো ও অন্যান্য কার্যালয়ে প্রয়োজনীয় স্বাস্থ্য সুরক্ষা ব্যবস্থা গ্রহণ, “নো মাস্ক নো সার্ভিস” লেখাসহ বিভিন্ন ব্যনার পোস্টার প্রদর্শনের মাধ্যমে সেবাগ্রহীতাদের মাস্ক পরিধানে উৎসাহিত করা এবং বিভাগীয় প্রধান কর্তৃক স্ব স্ব অফিসের কক্ষ ও কার্যালয়ের চারপাশের আচ্ছাদিত পরিষ্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা করা ও নিয়মিত পর্যবেক্ষণ করা;
- খ) দর্শনার্থী ও সেবা প্রত্যাশিতদের সুবিধার্থে কোম্পানির প্রধান কার্যালয়ের প্রবেশমুখে স্বাস্থ্য সুরক্ষার ব্যবস্থা হিসেবে হ্যান্ড স্যানিটাইজার, বেসিনস্থাপনসহ ও সাবানের প্রয়োজনীয় ব্যবস্থা রাখা হয়েছে;
- গ) কোম্পানির সকল কর্মকর্তা-কর্মচারীর ও সেবাগ্রহীতাদের স্বয়ংক্রিয় তাপমাত্রা মাপার মেশিনে তাপমাত্রা মেপে তাপমাত্রা স্বাভাবিক থাকলে অফিসে আগমন ও প্রস্থানের ব্যবস্থা করা;
- ঘ) কোম্পানির প্রধান কার্যালয়, প্রধান স্থাপনাসহ দেশের সকল ডিপো ও অন্যান্য কার্যালয়ের অফিসের টয়লেটসহ বাথরুম ও মেঝে প্রতিদিন ০৩ (তিন) বার জীবাণু নাশক সহকারে পরিষ্কার করা;
- ঙ) বিদ্যুতের অপচয় রোধকল্পে অফিস কক্ষ ত্যাগ করার সময় কম্পিউটার, ফ্যান, এসি, লাইট ও অন্যান্য বিদ্যুতিক সরঞ্জামাদি বন্ধ করা;
- চ) কোম্পানিতে নিয়োজিত পরিচ্ছন্নতা কর্মী, সাধারণ সহগামী এবং গাড়ি ও গাড়িচালকদের অফিস হতে মাস্ক, হ্যান্ড গ্লোভস ও স্যানিটাইজার সরবরাহ ও ব্যবহার নিশ্চিত করা;
- ছ) কোম্পানির সকল কর্মকর্তা-কর্মচারীকে ই-নথির ও ই-জিপি সংক্রান্ত বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান করা এবং এর ব্যবহার/পরিধি বৃদ্ধি করা;
- গ) কোম্পানির সকল কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত বিষয়ের উপর প্রশিক্ষণ আয়োজন করা;

৩। উত্তম চর্চা অনুসরণের উপকারিতা:

কোম্পানির উত্তম চর্চার তালিকা সঠিকভাবে প্রতিপালন করলে কোম্পানির কাজে গতিশীলতা বৃদ্ধি পাওয়াসহ প্রশাসনিক ব্যয় হ্রাস করা যাবে, কোভিড মহামারীতে প্রতিরোধ এবং সচেতনতা বৃদ্ধিতে ইতিবাচক ভূমিকা রাখবে এবং সর্বোপরি কোম্পানির কাজিকত লক্ষ্যে পৌঁছানো সহজ হবে।

৪। প্রভাব/ফলাফল:

সরকারী নির্দেশনা প্রতিপালনপূর্বক কোভিড-১৯ মহামারী প্রতিরোধ এবং সচেতনতা বৃদ্ধিতে ইতিবাচক ভূমিকা রাখা এবং স্বাস্থ্যবিধি মেনে কাজে গতিশীলতা আনয়নের ফলে কোম্পানি আর্থিক ভাবে আরো লাভজনক ও সুশৃঙ্খল প্রতিষ্ঠানে পরিণত হবে।

Slav
29/12/20